



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

### প্রেস-রিলিজ

তারিখ: ১১/০৩/২০১৮ খ্রি:

## বরিশাল বিশ্ববিদ্যালয়

### রোভার স্কাউট গ্রুপের ডে-ক্যাম্প ও দীক্ষাগ্রহণ সম্পর্ক

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ১১ মার্চ ২০১৮ তারিখ অনুষ্ঠিত হয়ে গেল বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের ডে-ক্যাম্প ও দীক্ষাগ্রহণ অনুষ্ঠান-২০১৮। দীক্ষাগ্রহণ অনুষ্ঠানে বরিশাল বিশ্ববিদ্যালয় রোভার স্কাউটের ০৫টি ইউনিটের ৪৮ জন স্কাউট দীক্ষাগ্রহণ করেন। বরিশাল বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট এর গ্রুপ-সম্পাদক মার্কেটিং বিভাগের প্রভাষক মোঃ মহিউদ্দিন সাবিরের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক, বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট লিডার যথাক্রমে-ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মোঃ আরিফ হোসেন, শেখ হাসিনা হলের প্রভোস্ট সমাজবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক দিল আফরোজ খানম, মার্কেটিং বিভাগের চেয়ারম্যান ফাতেমা-তুজ-জোহরা, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক সুমনা রাণী সাহা, মার্কেটিং বিভাগের সহকারী অধ্যাপক মোঃ ইমরান হোসেন, অর্থনীতি বিভাগের প্রভাষক মার্জিয়া নমি এবং আইটি টেকনিশিয়ান মোঃ আরহাম সাঈদ সহ বিশ্ববিদ্যালয়ের রোভার স্কাউটের সকল স্কাউটগণ উপস্থিত ছিলেন। উল্লেখ্য বরিশাল বিশ্ববিদ্যালয়ে এবারই প্রথম বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের ডে-ক্যাম্প এর আয়োজন করা হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০১৮

মো. ফয়সল মাহমুদ রহমি

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস